

ম্যাগনেসিয়া ফসফরিকম

Magnasia Phosphoricum

ফসফেট অব ম্যাগনেসিয়া বা ম্যাগনেসিয়া ফসফরিকম ইহার নামান্তর। সংক্ষেপে ইহাকে ম্যাগফস কহে। M. P, দ্বারা সাংকেতিক নাম বুঝায়।

সাধারণ লক্ষণ :-

ম্যাগফস সর্ব প্রকার ব্যথার অতি উৎকৃষ্ট ঔষধ। যে কোন প্রকার ব্যথাতেই নির্বিচারে ইহা গরমজল বা দুধসহ সেবন করাইলে ব্যথা তৎক্ষণাৎ থামিয়া যাইবে। এই ঔষধের অভাবে পেশী ও স্নায়ু সঙ্কোচন হয়। এই স্নায়ু সঙ্কোচনজনিত শূল, বেদনা, আক্ষেপ প্রভৃতির প্রধান ঔষধ ম্যাগফস। আক্ষেপ নিবারক প্রধান ঔষধ ম্যাগনেসিয়া ফসফরিকম। ধনুষ্ঠকার; মৃগী, কণ্ঠরজঃ, হিক্কা সবারকম শূল বেদনার ইহা মহৌষধ। মূত্র-বদ্ধ রোগেও ইহা উপযোগীতার সহিত ব্যবহৃত হয়। কোন স্থান সঙ্কুচিত হইলে ইহা দ্বারা তাহা শিথিল হয়।

মানসিক লক্ষণ :—

মানসিক দুঃখ, সব সময় কাঁদে, চোখ দিয়া জল পড়ে, কার্যে ভুল হয়, বিবেচনা শক্তির হ্রাস হয়। মানসিক অবসন্নতা, লেখাপড়ায় অনিচ্ছা, বেশী কথা বলে, না হয় চুপ করিয়া বসিয়া থাকে। জিনিষপত্র সর্বদা স্থানান্তরিত করে। বেদনার জন্ত অত্যন্ত অস্থির।

দৈহিক লক্ষণ :—

মাথা :—মাথাব্যথা খুব বেশী, আক্ষেপিক ও স্নায়বিক শিরঃপীড়া, মাথা চাপিলে, চুপ করিয়া থাকিলে, আলোকবিহীন স্থানে থাকিলে আরামবোধ হয়। কোন দ্রব্য ছুইটি দেখা এই ঔষধের শিরঃপীড়ার প্রধান লক্ষণ। সকালে মাথা ধরে ও বিকাল ৫টায় কমে শীত লাগে প্রভৃতি লক্ষণে ইহা উপকারী। ছাত্র, শিক্ষক, উকিল প্রভৃতি মানসিক পরিশ্রমকারীদের শিরঃপীড়ায় ইহা ভাল ঔষধ।

কান :—কর্ণের স্নায়ুগুলীর আপেক্ষিক বেদনা। বেদনা উষ্ণ প্রদানে উপশম হইলে ইহা প্রয়োগ করিবেন। কানের যে কোন প্রকার পীড়ার ইহা প্রধান ঔষধ।

গলা :—কথা কহিতে বা গান গাহিতে গলা বন্ধ হইয়া যায়। টনসিল বৃদ্ধি হইলে, আহার বা পানে তাহা গলা আটকাইয়া যায় এবং কণ্ঠে বুক চাপিয়া ধরে, গলার ভিতর সঙ্কোচিত হইয়া যায় প্রভৃতি লক্ষণে ইহা খুব উপকারী।

দাঁত :- দাঁতে অসহ্য বেদনা, উক্ত বেদনা গরমে উপশম।
ঠাণ্ডায় বেদনা বৃদ্ধি, দাঁত উঠার সময় আক্ষেপ বা তড়কা হইলে
ম্যাগফস উপকারী। দাঁতের ব্যথা এদাঁত হইতে ওদাঁত একরূপ
স্থান পরিবর্তন করিয়া বেড়াইলে ম্যাগফস উপকারী। দাঁতে
পোকাকার ইহা অমোঘ ঔষধ। একরূপ ক্ষেত্রে ম্যাগফস ও ক্যাল-
ফস পর্যায়ক্রমে দিবেন নিশ্চয় পোকাকার উপদ্রব হইতে রক্ষা
পাইবেন।

পেট :- পেটে কর্তনবৎ শূল বেদনা; বেদনা উষ্ণ প্রয়োগে
উপশম, চা পানে বা গরম জল পানে আরামবোধ, ঠাণ্ডা জল
পানে এবং পেটের উপর হাত দিলে বেদনা বৃদ্ধি লক্ষণে ম্যাগ-
ফস উপকারী।

ক্ষুধা থাকে অথচ খাওয়া ভাল হজম হয় না এবং খাওয়ার
আস্বাদ পাওয়া যায় না।

পেট ফাঁপে, প্রত্যেক দিন বিকাল ৩টা ৪টার সময় শূল
বেদনা আরম্ভ হয়। রোগীর পেট টিপিলে আরামবোধ, চিৎ
হইয়া শয়ন করিতে পারে না, রোগী দৌড়াইতে থাকে বা
ছটফট করে।

নবজাত শিশুর পেটে বায়ু জমিয়া শূল বেদনা হইলে, হাত
পা জড় করিয়া ক্রন্দন করিতে থাকিলে ইহা প্রয়োগ করিবেন।
হিক্কার অমোঘ ঔষধ ম্যাগফস। কলেরা রোগে আক্ষেপ
উপস্থিত হইয়া পাত-পা টানিতে থাকিলে ইহা প্রয়োগ
করিবেন।

পেটের অসুখে মল তরল পিচকারীর মত জোরে বাহির হয় ও অসহ্য বেদনা থাকিলে ইহা প্রয়োগ করিবেন।

ফুসফুস :-কষ্টকর শুক্না কাশি, কাশিতে কাশিতে শ্লেষ্মা বাহির হয় না। শুইয়া থাকিলে কাশির সময় উঠিয়া বসিতে বাধ্য হয়। শুইলে কাশি বাড়ে। ছুপিংকাশি ও তৎসহ আক্ষেপ হইলে কেলিমিউর ও ম্যাগফস পর্যায়ক্রমে দিবেন। কাশিতে বুক চাপিয়া ধরে খুক্‌খুক করিয়া শুক্‌কাশি হইলে ইহা ব্যবস্থ্যয়।

চক্ষু :-চোখের সামনে কাল কাল দাগ ভাসিয়া বেড়াইতে দেখিলে, অগ্নিফুলিঙ্গ দর্শন করিলে বা রামধনুর মত দেখিলে ম্যাগফস উপকারী।

প্রসব বেদনা :-প্রসব বেদনার অসহ্য যন্ত্রনায় ইহা গরম জলসহ দিবেন। জরায়ুর মুখ ভালভাবে না খুলিলে এবং জরায়ুর সঙ্কোচনবশতঃ প্রসবে দেৱী হইলে ইহা প্রয়োগ করিবেন। স্নায়বিক দুর্বলতাবশতঃ বেদনা অনুভূত না হইলে ম্যাগফস ব্যবস্থা করিবেন। একপক্ষেত্রে কেলিফস ৪X ও ম্যাগফস ৪X একত্রে প্রয়োগ করিবেন।

স্নায়ু :-লিখিতে লিখিতে হাত হইতে কলম পড়িয়া গেলে ইহাই একমাত্র ঔষধ। সব রকম স্নায়ু রোগের ইহা অতি উৎকৃষ্ট ঔষধ। আক্ষেপসহ হাত-পা খেঁচুনি, দাঁত লাগিলে, হাত মুষ্টিবদ্ধ হইলে এবং রোগী রামধনুকের মত বাঁকিয়া গেলে ম্যাগফস গরমজলসহ ব্যবস্থা করিবেন। হাত, পা, মাথা, চক্ষু বা যে কোন অঙ্গ আপন আপনিই নাচিলে ইহা প্রয়োগে উপকার হইবে।

কোন অঙ্গের অত্যাধিক চালনার জন্ম খিল ধরিলে বা শিথিল হইলে ম্যাগফস ব্যবহার করিবেন ।

চর্ম :- কড়াপড়া জায়গায় বা ভালস্থানে চুলকাইলে ইহা প্রয়োগ করিবেন । ক্ষৌরির দরুণ কোন প্রকার চর্মরোগ হইলে ম্যাগফস উপকারী ।

এই ঔষধ পিত্তশূলে নেট্রামসাল্ফ ; কৃমিশূলে নেট্রামফস ; প্রদাহশূলে—ফেরামফস ; মূত্রশূলে—ক্যালফস ; সহ ব্যবহার করিলে উত্তম ফল দর্শিবে । ম্যাগফসের অনুপূরক ঔষধ ক্যালফস । ম্যাগফসের সমস্ত লক্ষণ ঠাণ্ডায়, চিৎ হইয়া শুইলে, ভোজন করিলে ও খোলা বায়ুতে বৃদ্ধি এবং উষ্ণ প্রয়োগে, উষ্ণ পানে, সামনে নত হইলে উপশম হয় ।

শক্তি :- ৩X, ৬X, ১২X, ৩০X, ২০০X ।

উপদেশ :- যে কোন প্রকার বেদনাই হউক না কেন গরম জল সহ ইহা প্রয়োগে আরোগ্য হইবে সন্দেহ নাই ।